দৈনিক ইত্তেফাক

তারিখ 15 JUL 2016
পৃষ্ঠা ৬ কলাম ৪

# জঙ্গি ইস্যুতে শিক্ষক শিক্ষার্থীদের সঙ্গে বৈঠক করবে পুলিশ

■ বিশেষ প্রতিনিধি

জঙ্গি ইস্যুতে বেসরকারি বিশ্ববিদ্যালয় ছাত্র শিক্ষকদের সঙ্গে বৈঠকে বসবে পুলিশ। পুলিশ সদর দফতরের আয়োজনে আগামী ১৭ জুলাই রবিবার রাজধানীর খামারবাড়ীর কৃষিবিদ ইনস্টিটিউট মিলনায়তনে এ বৈঠক অনুষ্ঠিত হবে। বৈঠকে উপস্থিত থাকবেন সকল বেসরকারি বিশ্ববিদ্যালয়ের ভিসি, শিক্ষক প্রতিনিধি, ছাত্র প্রতিনিধি, শিক্ষামন্ত্রী নুরুল ইসলাম নাহিদ ও স্বরাষ্ট্রমন্ত্রী আসাদুজ্জামান খান কামাল। সভাপতিত্ব করবেন মহা পুলিশ পরিদর্শক একেএম শহীদুল হক। বিষয়টি নিশ্চিত করেছেন ঢাকা মহানগর পুলিশের উপ-কমিশনার (মিডিয়া) মাসুদুর রহমান। তিনি জানান, সকাল ১০টা থেকে দুপুর ১টা পর্যন্ত এ বৈঠক অনুষ্ঠিত হবে। এ ব্যাপারে প্রয়োজনীয় প্রস্তুতি নেওয়া হয়েছে।

অপরদিকে একই মিলনায়তনে আগামী ২১ জুলাই বৃহস্পতিবার সন্ত্রাসের বিরুদ্ধে জাতীয় বিশ্ববিদ্যালয়ে শান্তি সমাবেশের আয়োজন করা হয়েছে। এতে প্রধান অতিথি থাকবেন শিক্ষামন্ত্রী নুরুল ইসলাম নাহিদ এমপি। সভাপতিত্ব করবেন উপাচার্য অধ্যাপক ড. হারুন-অর-রশিদ। গতকাল জাতীয় বিশ্ববিদ্যালয়ের এক সংবাদ বিজ্ঞপ্তিতে এ তথ্য জানানো হয়।

সারাদেশে নিরীহ শান্তিকামী দেশি-বিদেশি নাগরিকদের টার্গেট কিলিং-এর মতো সাম্প্রতিক সন্ত্রাসী ঘটনার প্রতিবাদে ও দেশ-জাতি, শিক্ষা, শিক্ষক-শিক্ষার্থী ও অভিভাবকসহ সবার স্বার্থে শুভবুদ্ধির উদ্বোধন ঘটাতে সারাদেশব্যাপী অধিভুক্ত কলেজসমূহের অধ্যক্ষদের নিয়ে জাতীয় বিশ্ববিদ্যালয় 'সন্ত্রাসের বিরুদ্ধে শান্তি সমাবেশ' আয়োজন করবে।